"ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা"

# <u>নতুন কুঁড়ি প্রতিযোগিতা-২০২৬</u>

সুধি,

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশের ন্যায় অত্র বোচাগঞ্জ উপজেলায় নতুন কুড়ি স্পোর্টস-২০২৬ প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হতে যাচ্ছে। প্রতিযোগিতা সমূহ

১. ফুটবল (বালক ও বালিকা)

২. টি টেন ক্রিকেট (বালক ও বালিকা)

৩. কাবাডি (বালক ও বালিকা)

৪. অ্যাথলেটিক্স, বালক (১০০ মিটার ও ২০০ মিটার দৌড় এবং দীর্ঘ লাম্ফ)

৫. অ্যাথলেটিক্স, বালিকা (১০০ মিটার ও ২০০ মিটার দৌড় এবং দীর্ঘ লাম্ফ)

৬. ব্যাডমিন্টন-একক ও দৈত (বালক ও বালিকা)

৭. দাবা-একক (বালক ও বালিকা)

৮. সাঁতার প্রতিযোগিতা-৫০ মিটার (বালক ও বালিকা)

৯. মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানতো, জুডো-বালক ও বালিকা)

রেজিস্ট্রেশনের নিয়মাবলীঃ

১. রেজিস্ট্রেশনের বয়সসীমাঃ ১২ থেকে ১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রী অর্থাৎ যাদের জন্ম তারিখ ০১ মে ২০১২ থেকে ০২ মে ২০১৪ এর মধ্যে শুধুমাত্র তারাই রেজিস্ট্রেশন করতে পারবেন।

২. অনলাইন রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ-

(ক) অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ

(খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র,

(গ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং

(ঘ) অভিভাবকের সম্মতিপত্র।

<u>রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের স্থান সমুহঃ</u>

উক্ত রেজিস্ট্রেশন প্রক্রিয়া যে কোন স্মার্ট মোবাইলের দ্বারা অথবা স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে অথবা নিজ নিজ ইউনিয়ন পরিষদ/পৌরসভার ডিজিটাল সেন্টারে দিনব্যাপী এবং উপজেলা ক্রীড়া সংস্থায় বিকাল ৪.০০ ঘটিকা রাত ৭.০০ ঘটিকা পর্যন্ত সম্পন্ন করতে পারবেন। রেজিস্ট্রেশন প্রক্রিয়া আগামী ২৪ এপ্রিল ২০২৬ হতে ২৬ এপ্রিল ২০২৬ এর মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২টি ইভেন্টে অংশ নিতে পারবে এবং সে লক্ষ্যে পৃথক পৃথক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

**রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুনঃ notunkurisports.gov.bd**

রেজিস্ট্রেশন প্রক্রিয়া শেষে আগামী ২৭ এপ্রিল ২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় রেজিস্ট্রেশনের হার্ডকপিসহ প্রতিযোগিকে স্বশরীরে উপজেলা ক্রীড়া সংস্থা, বোচাগঞ্জ, দিনাজপুর এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আহবানে/-

উপজেলা নির্বাহী অফিসার

বোচাগঞ্জ, দিনাজপুর।